গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**সেপ্টেম্বর/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ১২/০৯/২০২২, দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |
| উপদেষ্টা | : জনাব হাবিবুর রহমান, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ । |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট । |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় জুন/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** আগস্ট/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি (থোক বরাদ্দ) খাতে ১ম কিস্তিতে ১৭.৪০ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। এরূপ চার কিস্তিতে ১৭.৪০×৪=৬৯.৬০ লক্ষ টাকা পাওয়ার সম্ভাবনা রয়েছে। মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী প্রাপ্ত বরাদ্দের ১০% অতিরিক্ত টাকার স্কীম গ্রহণ করার বিধান রয়েছে। তিনি জানান এডিপি (থোক বরাদ্দ) তহবিলে (৬৯.৬০+৬.৯৬)=৭৬.৫৬ লক্ষ টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) রাজস্ব উদ্বৃত্ত তহবিলে ৬,৫৬,৯৪,৬০১.২৪ টাকা জমা রয়েছে। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাত হতে ২০২২-২০২৩ অর্থ বছরে স্কীম সংশ্লিষ্ট সকলের নিকট হতে আহবান করার সুপারিশ করেন।

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাত হতে ২০২২-২০২৩ অর্থ বছরে স্কীম তালিকা সংশ্লিষ্ট সকলের নিকট হতে প্রকল্প আহবান করে প্রকল্প বাছাই কমিটির আহবায়ক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা সিলেট মহোদয় পত্র প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে ব্যয়ের বিষয়ে উপজেলা পরিষদের সভায় কোন সিদ্ধান্ত গৃহিত হয়নি।

বাস্তবায়নে: চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়গণের অফিসকক্ষ মেরামতের জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান দুইটি চাহিদাপত্র প্রেরণ করেন। তিনি চাহিদাপত্রটি সভায় পাঠ করে শুনান এবং সভার দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-২: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ মেরামতের প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় ।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, দক্ষিণ সুরমা উপজেলায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয়ের বাসভবন শিল্পকলা একাডেমি হিসাবে ব্যবহৃত হয়ে আসছে। ভবনটি জরাজীর্ন থাকায় তা মেরামতের ব্যাপারে তিনি ১.৫০ লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন। তিনি এ ব্যাপারে সভার দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-৩: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। প্রাক্কলিত ১.৫০ লক্ষ টাকা অফিস বাসাবাড়ী মেরামত এবং সংরক্ষণ খাত হতে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৪: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সিলাম ইউনিয়নের এলাকাবাসীর পক্ষে জনাব পারভেজ আহমদ বাদল শহীদ বীর মুক্তিযোদ্ধা ল্যান্স নায়েক গৌছ আলীর নামে রাস্তার নামকরণ ও নাম ফলক স্থাপন প্রসঙ্গে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবরে একটি আবেদন করেন। রাস্তার আইডি নং-৬৯১৯৫৪০৪৫ সিলাম (চকের বাজার)-তেতলি রাস্তাটি মুক্তিযোদ্ধা ল্যান্স নায়েক গৌছ আলীর নামে নামকরনের জন্য আবেদন করেন। উপজেলা প্রকৌশলী, আবেদনটি পাঠ করে শুনান এবং এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-৪: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। রাস্তার নামকরণের আবেদনের বিষয়ে আগামী সভায় যৌথ প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট এবং ম্যানেজার, সোনালী ব্যাংক, স্টেশন রোড শাখা, সিলেট-কে সভার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী ও উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট এবং ম্যানেজার, সোনালী ব্যাংক, স্টেশন রোড শাখা, সিলেট।

প্রস্তাব-৫: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ০৪ জানুয়ারি ২০২১ তারিখের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১ মূলে ''বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না'' মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে দক্ষিণ সুরমা উপজেলার জন্য ০৩টি গৃহ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-৫: মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ০৩টি গৃহ নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৬: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) উপজেলা পরিষদের অভ্যন্তরে নিরাপত্তার জন্য উপজেলা পরিষদ চত্বরে সোলার প্যানেল স্থাপনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং তা বাস্তবায়ন পূর্বক ব্যয় বাবদ ৪,৭৫,০০০/- টাকা পরিশোধের বিষয়ে তিনি সভায় আলোচনা করেন।

(খ) উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহৃত আইপিএস এর ব্যাটারী নষ্ট হওয়ায় নতুন ব্যাটারী ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

(গ) এডিপি/২০২১-২০২২ অর্থ বছরে টেন্ডার ৩টি পত্রিকায় প্রকাশিত বিল বাবদ=৯১,৯৫৪.০০ টাকা। সোলার স্ট্রিট লাইট কাজের টেন্ডার পত্রিকায় প্রকাশের বিল বাবদ ৫৭,১২২/- টাকা বিল পরিশোধের জন্য উপস্থাপন করা হলো।

(ঘ) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের পানির ট্যাংক ২টি (১০০০লিটার, ৫০০লিটার) নতুনভাবে স্থাপন বাবদ ২২,০০০/- খরচ করা হয়েছে।

(ঙ) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের ছাদের পানির ফিল্টার মেরামত বাবদ=৬,১০০/-টাকা খরচ করা হয়েছে।

(চ) উপজেলা পরিষদের অডিটরিয়ামের জন্য ১০ টি নতুন সিলিং ফ্যান ক্রয় করার জন্য ৫০,০০০/- টাকা খরচ হবে।

(ছ) উপজেলা পরিষদ ভবনের ১০৭ নং (সিএ) কক্ষের বাথরুমে লো ডাউন ফ্লাস ট্যাংকি, নষ্ট পানির লাইন, বেসিনের পিলার কর্ক পরিবর্তন করা প্রয়োজন। এ ব্যাপারে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।

(জ) চেয়ারম্যান, দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট উপজেলা পরিষদের অভ্যন্তরের পাবলিক ওয়াশরুম গুলো সংস্কার করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত-৬: (ক) সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা পরিষদের অভ্যন্তরে নিরাপত্তার জন্য উপজেলা পরিষদ চত্বরে সোলার প্যানেল স্থাপন পূর্বক ৪,৭৫,০০০/- টাকা ব্যয়ের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহৃত আইপিএস এর নতুন ব্যাটারী ক্রয় করার বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) এডিপি/২০২১-২০২২ অর্থ বছরে টেন্ডার ৩টি পত্রিকায় প্রকাশিত বিল বাবদ=৯১,৯৫৪.০০ টাকা। সোলার স্ট্রিট লাইট কাজের টেন্ডার পত্রিকায় প্রকাশের বিল বাবদ ৫৭,১২২/- টাকা রাজস্ব তহবিল হতে ব্যয়ভারের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের পানির ট্যাংক ২টি (১০০০লিটার, ৫০০লিটার) নতুনভাবে স্থাপন বাবদ ২২,০০০/- টাকা অফিস বাসাবাড়ী মেরামত এবং সংরক্ষণ খাত হতে খরচের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের ছাদের পানির ফিল্টার মেরামত বাবদ=৬,১০০/-টাকা অফিস বাসাবাড়ী মেরামত এবং সংরক্ষণ খাত হতে খরচের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) উপজেলা পরিষদের অডিটরিয়ামের জন্য ১০ টি নতুন সিলিং ফ্যান ক্রয় করার জন্য ৫০,০০০/- টাকা খরচের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) উপজেলা পরিষদ ভবনের ১০৭ নং (সিএ) কক্ষের বাথরুমে লো ডাউন ফ্লাস ট্যাংকি, নষ্ট পানির লাইন, বেসিনের পিলার কর্ক পরিবর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(জ) উপজেলা পরিষদের অভ্যন্তরের পাবলিক ওয়াশরুম গুলো সংস্কার করার বিষয়ে প্রয়োজনীয় প্রাক্কলন প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৪। **স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৬। **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৮। **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

০৯। **শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রশাসনিক ভবনের ৪র্থ তলার ৪১৩ ও ৪১৪ নং কক্ষ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের নামে বরাদ্দ রয়েছে। সম্প্রতি উপজেলা পরিবার পরিকল্পনার অফিস অন্যত্র স্থানান্তর হওয়ায় উক্ত কক্ষগুলি খালি রয়েছে। বর্তমানে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের স্থান সংকুলান না হওয়ায় পাশের খালি হওয়া কক্ষ সমূহে মাধ্যমিক শিক্ষা অফিস স্থানান্তরের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় আরও জানান যে, আগামী ১৫/০৯/২০২২খ্রি. থেকে সারাদেশের ন্যায় এ উপজেলায় এসএসসি ও দাখিল পরীক্ষা ৫টি কেন্দ্র এবং ৪টি ভেন্যুতে অনুষ্ঠিত হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত : ১৫/০৯/২০২২খ্রি. থেকে অনুষ্ঠিতব্য এসএসসি ও দাখিল পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় Autusim এবং neurodevelopmental disorders বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয় এবং Autusim এবং neurodevelopmental disorders বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

১২। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপ-সহকারী প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১৬। **যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৭। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**(খ) দৈনিক ভাতা সংক্রান্ত :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানুয়ারি/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত দৈনিক ভাতা বিল প্রাপ্তির জন্য প্রস্তাব উত্থাপন করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয়ের দাবীকৃত বিল মোট=৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

<u>সিদ্ধান্ত</u> : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয়ের ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা দৈনিক ভাতা হিসেবে প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে</u> : চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**(গ) <u>উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্প সংক্রান্ত</u> :** উপজেলা প্রকৌশলী এপ্রিল/২০২২ মাসের কার্যবিবরণীতে উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের নিম্নলিখিত প্রকল্পটি সংশোধন করার জন্য প্রস্তাব উপস্থাপন করেন।

| পূর্বের অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্পের নাম | সংশোধিত অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্পের নাম |
|---|---|
| উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মুজিব গ্রন্থাগার নির্মাণ । | দক্ষিণ সুরমা উপজেলার বিভিন্ন মাধ্যমিক স্কুল ও মাদ্রাসায় প্লাস্টিক ডেস্ক বেঞ্চ সরবরাহ প্রকল্প। |

<u>সিদ্ধান্ত</u> : উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট কর্তৃক উত্থাপিত উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের খাতে উপরোক্ত সংশোধিত প্রকল্প সভায় সর্বসম্মত অনুমোদিত হয়।

<u>বাস্তবায়নে</u> : উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট ।

**<u>উপদেষ্টা মহোদয়ের বক্তব্য</u> :** জনাব হাবিবুর রহমান , মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ বক্তব্যের শুরুতে উপস্থিত সকলকে সালাম, আদাব ও শুভেচ্ছা জানিয়ে সাবেক ছাত্রনেতা জননন্দিত উপজেলা চেয়ারম্যান সাহেবের সুস্থতা কামনা করেন। তিনি সকলের ঐকান্তিক প্রচেষ্টায় এবারের বন্যা পরিস্থিতি সফল ভাবে মোকাবেলা করা সম্ভব হয়েছে বলে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। আসন্ন দূর্গা পূজা সবাই যেন নির্বিঘ্নে উদযাপন করতে পারে সেবিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন । দক্ষিণ সুরমা উপজেলাকে একটি নান্দনিক উপজেলায় রূপান্তরিত করতে তাঁর সাথে সকলকে নিরলসভাবে কাজ করার আহবান জানান। সরকারি অফিসাররা তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করতে গিয়ে দিন-রাত পরিশ্রম করে যাচ্ছেন উল্লেখ করে তাদের সাথে অসম্মানজনক কোন আচরণ না করার জন্য তিনি এ উপজেলার জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। উপজেলা ভাইস চেয়ারম্যানদেরকে সংশ্লিষ্ট কাজে অন্তর্ভূক্ত করতে তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অনুরোধ জানান এবং বর্তমানে বৈশ্বিক আর্থিক সংকটের কারণে যতটুকু সম্ভব প্রাতিষ্ঠানিক ব্যয় কমানোর পরামর্শ দেন।

**<u>সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য</u> :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যাগণ, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। তিনি সকলকে সমন্বয় করে কাজ করার জন্য এবং মাঠ পর্যায়ে মনিটরিং আরও বাড়ানোর জন্য অনুরোধ জানান। তিনি সরকারের চলমান উন্নয়নের ধারা যাতে বাধাগ্রস্ত না হয় সে বিষয়ে সকলকে তৎপর থাকার জন্য পরামর্শ দেন। হিন্দু ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দূর্গা পূজা যাতে সুষ্ঠু, সুন্দর ও নির্বিঘ্নে উদযাপন করতে পারেন সেজন্য আইন শৃংখলা বাহিনীসহ সকলের সহযোগিতা কামনা করেন এবং আসন্ন এসএসসি ও দাখিল পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২. ৮৯৬(৫০)   তারিখঃ ১২ সেপ্টেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ......................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ...........................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা .................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান/প্রশাসক ..........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম................................ সদস্য..........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

১২/০৯/২২
নূসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

<u>পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:</u>

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩। | ১। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৫। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৬। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৭। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৮। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৯। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১০। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১১। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| উপস্থিত কর্মকর্তাঃ | অনুপস্থিত কর্মকর্তাঃ |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট | ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট | |
| ৭। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট | |
| ৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৯। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট | |
| ১০। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১২। উপ- সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |